ছবিতে ছড়া
আশা বুক এজেন্সী • কলিকাতা

খোকন খোকন করে মায়
খোকন গেছে কাদের নায় ?
সাতটা কাকে দাঁড় বায়
খোকন রে তুই ঘরে আয় ।

খোকা গেছে মাছ ধরতে
ক্ষীর নদীর কূলে।
ছিপ নিয়ে গেল কোলা ব্যাঙ
মাছ নিয়ে গেল চিলে।

নোটন নোটন পায়রাগুলি ঝোটন বেঁধেছে
ওপারেতে ছেলে মেয়ে নাইতে নেমেছে ।
দুই ধারে দুই রুই কাতলা ভেসে উঠেছে,
কে দেখেছে, কে দেখেছে ? দাদা দেখেছে।
দাদার হাতে কলম ছিল, ছুড়ে মেরেছে—
উঃ, বড্ড লেগেছে !

আদুড় বাদুড় চাল্‌তা বাদুড়
কলা বাদুড়ের বে’—
টোপর মাথায় দে’ ।
দেখতে যাবে কে ?
চামচিকেতে বাজনা বাজায়
খ্যাংরা কাঠি দে’ ।

রামগরুড়ের ছানা হাসতে তাদের মানা,
হাসির কথা শুনলে বলে,
“হাসব না-না, না-না !”
সদাই মরে ত্রাসে ঐ বুঝি কেউ হাসে !
এক চোখে তাই মিটমিটিয়ে
তাকায় আশেপাশে

দোল্ দোল্ দোল্ !
কিসের এত গোল ?
খোকা আসছে বিয়ে করে
সাথে দু'শ ঢোল ।

খোকা যাবে রথে চড়ে
ব্যাঙ হবে সারথি ;
মাটির পুতুল লটর পটর
পিঁপড়ে ধরে ছাতি ।

চাঁদ উঠেছে ফুল ফুটেছে
কদম তলায় কে ?
হাতী নাচছে ঘোড়া নাচছে
সোনামণির বে' ।

খোকা যাবে শ্বশুর বাড়ী
সঙ্গে যাবে কে ?
ঘরে আছে হুলো বেড়াল
কোমর বেঁধেছে ।

হাট্টিমা টিম টিম
তারা মাঠে পাড়ে ডিম ।
তাদের খাড়া দুটো শিং
তারা হাট্টিমা টিম টিম ।

বাপ্‌রে কি ডানপিটে ছেলে !
কোনদিন ফাঁসি যাবে নয় যাবে জেলে ।
একটা সে ভূত সেজে আটা মেখে মুখে,
ঠাঁই ঠাঁই শিশি ভাঙ্গে শ্লেট দিয়ে ঠুকে !

উদ্‌বিড়ালে ক্ষুদ খায়,
চালে নাচে ফিঙে ;
পুঁটি মাছে গীত গায়
মাগুর বাজায় শিঙ্গে ।

ছবিতে ছড়া
সংকলন
দেবযানী দত্ত
শিল্পী
হরেশ্বর কাহালী
প্রকাশিকা
শ্রীমতি ঝর্ণা দত্ত
আশা বুক এজেন্সী
মুদ্রাকর
জি, আর, টি প্রিন্টার্স
মূল্য : পাঁচ টাকা মাত্র